



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৭৭

উন্নয়নের সঙ্গে জনগণকে পরিচিত করেছে শেখ হাসিনার সরকার

--খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৪ কার্তিক (৩০ অক্টোবর):

উন্নয়নের সঙ্গে জনগণকে পরিচিত করেছে শেখ হাসিনার সরকার বলে উল্লেখ করেছেন খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার।

আজ রবিবার (৩০ অক্টোবর) দুপুরে সাপাহার জেলা পরিষদ ডাকবাংলো প্রাঙ্গণে ১নং সাপাহার ইউনিয়ন মহিলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার অনেক কর্মসূচি নিয়েছে— যার সরাসরি উপকারভোগী নারী। দরিদ্র সন্তানের লেখাপড়ার খরচ অভিভাবকের মোবাইলের মাধ্যমে পৌঁছে দিচ্ছে সরকার। উন্নয়নের সঙ্গে জনগণকে পরিচিত করেছে শেখ হাসিনার সরকার।

যুদ্ধাপরাধীদের বিচারের প্রসঙ্গ উল্লেখ করে মন্ত্রী বলেন, শেখ হাসিনার সরকার এদেশে যুদ্ধাপরাধীদের বিচারের আওতায় এনেছে। গ্রেনেড হামলার সঙ্গে যারা জড়িত তাদেরও বিচারের ব্যবস্থা করবে।

সাধন চন্দ্র মজুমদার বলেন, স্বাধীনতাবিরোধীদের সঙ্গে নিয়ে বিএনপি রাজনীতি করে। তাদের কথায় স্বাধীনতাবিরোধীরা স্বস্তি পায়। বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃবৃন্দকে স্বাধীনতাবিরোধীদের প্রতিহত করতে হবে।

এ সময় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে মহিলা আওয়ামী লীগের নেতাকর্মীদের সজাগ থাকার আহ্বান জানিয়ে বলেন, ভুল বুঝিয়ে গ্রামের মা-বোনদেরকে যাতে কোনো দল বা ব্যক্তি বিভ্রান্ত করতে না পারে সেদিকে নেতাকর্মীদের খেয়াল রাখতে হবে।

সাপাহার ইউনিয়ন মহিলা আওয়ামী লীগের সভাপতি আঞ্জুয়ারা বেগম এর সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তৃতা করেন জেলা পরিষদ সদস্য ফজলে রাব্বি, সাপাহার উপজেলা আওয়ামী লীগের উপদেষ্টা মো: নুরুল ইসলাম, সাপাহার ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ভুট্টু পাহান। ##

.....
কামাল/তৌহিদ/রুহুল/হালিম/২০২২/১৮.০০ঘ.